

আত-তাকবীর | At-Takwir | التَّكْوِير

আয়াতঃ ৮১ : ২

আরবি মূল আয়াত:

وَ إِذَا النُّجُومُ انْكَدَرَتْ ﴿٢﴾

অনুবাদসমূহ:

আর নক্ষত্ররাজি যখন পতিত হবে। — আল-বায়ান

আর তারকাগুলো যখন তাদের উজ্জ্বলতা হারিয়ে খসে পড়বে। — তাইসিরুল

যখন নক্ষত্ররাজি খসে পড়বে, — মুজিবুর রহমান

And when the stars fall, dispersing, — Sahih International

২. আর যখন নক্ষত্ররাজি খসে পড়বে(১),

(১) অর্থাৎ যে বাঁধনের কারণে তারা নিজেদের কক্ষপথে ও নিজেদের জায়গায় বাধা আছে তা খুলে যাবে এবং সমস্ত গ্রহ-তারকা বিশ্ব-জাহানের চারদিকে ছড়িয়ে পড়বে। এ ছাড়াও তারা শুধু ছড়িয়েই পড়বে না। বরং এই সঙ্গে আলোহীন হয়ে অন্ধকারও হয়ে যাবে। [সাদী]

তাফসীরে জাকারিয়া

২। যখন নক্ষত্ররাজি দীপ্তিহীন হয়ে পড়বে, [1]

[1] এর দ্বিতীয় অর্থ হল যে, খসে পড়বে; অর্থাৎ, আসমানে তার অস্তিত্ব থাকবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5802>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন